

ওভ্যুলেশন ডিসঅর্ডার



জীবনের জননক্ষম
পর্বে হঠাত ওভারির
কাজ বন্ধ হতে পারে
নানা কারণে। অটো
ইমিউন ডিসঅর্ডার
বা ক্যান্সার
ট্রিটমেন্টে এমনটা
হতে পারে।
ফ্যামিলির কারো
হয়েছিল কিনা জেনে
রাখা ভালো, হয়ে
থাকলে প্রেসন্যাসির
জন্য অপেক্ষা
করবেন না

‘মা’ তত্ত্ব’ একজন নারীর জীবনের সবচেয়ে গৌরবময় অধ্যায়। নারীর জীবনে কিছু প্যারাডক্স রয়েছে। তাদের ফার্টলিটির অনেক ব্যাপারই অনেক ক্ষেত্রে দুর্বোধ্য হয়ে পড়ে। প্রেগন্যান্ট হওয়ার জন্য আপনার কনফিডেন্ট স্টেপ-ফরোয়ার্ড বাধা পেতে পারে, আবার হতে পারে সবকিছুই আপনার অনুকূলে। তবুও যে মা হতে পারছেন না এখন উপায়?

সন্তান লাভে ওভ্যুলেশন ডিসঅর্ডার এক ধরনের প্রতিবন্ধকতা। বর্তমান সময়ে প্রায় ৩০ শতাংশ মহিলা এর শিকার। তাদের ওভ্যুলেশন নিয়মিত হয় না। কিংবা একেবারেই ডিম্বাশু রিলিজ হয় না। অনেক ক্ষেত্রে ওভারি ম্যাচিওর ফলিকুল তৈরি করতে পারে না। তাই ডিম্বাশু পরিপূর্ণতাই পায় না। ওভ্যুলেশনের জন্য মন্তিক্ষ থেকে ওভারিতে ঠিকমতো ফিলালে পৌছানো জরুরি। সেই মেসেজ পৌছানোর ক্ষেত্রে যে কোনো পয়েন্টে ব্যাঘাত ঘটতে পারে। নারী ইনফার্টিলিটিতে পলিসিস্টিক ওভারি সিন্ড্রোম বা পিসিওএস আরেকটা বড় ইস্যু। পরিসংখ্যান নিয়ে দেখা গেছে, প্রায় ২০ শতাংশ মহিলার পলিসিস্টিক ওভারি থাকে। মালার মতো তা ওভারির গায়ে জড়িয়ে থাকে। সিস্ট আসলে অন্য কিছু নয়, যেসব ফলিকুল ঠিকমতো ডেভেলপ করল না সেগুলো এমন আকার নেয়। সবার এর উপসর্গ দেখা দেয় না। তবে সাধারণত পিসিওএস পিরিয়ড অনিয়মিত বানিয়ে ছাড়ে, বন্ধ ও হয়ে যেতে পারে। ওভ্যুলেশন যথার্থভাবে না হলে পরিপুষ্ট ডিম্বাশু তৈরি হবে কীভাবে? পলিসিস্টিক ওভারি সিন্ড্রোমে ভোগা এক-ত্বরীয়াশ মহিলাই ওটিজ। এক্ষেত্রে শরীরের ওজন তীক্ষ্ণ নিয়ন্ত্রণে রাখা প্রয়োজন। তাতে ফার্টলিটির চাঙ বাড়ে। তবে পিসিওএসে ভোগা সবারই যে ওজন বেশি হবে এমন নয়। বেড়ে যাওয়া প্রোল্যাস্টিন হরমোন অনেক সময় বিপদ ঘটায়। এতে পিরিয়ড ইরেগুলার কিংবা বন্ধ হতে পারে। সাবধান! প্রিম্যাচিওর ওভারিয়ান ফেইলিওর ঘটনা আজকাল বেশ হচ্ছে। অর্থাৎ চল্লিশ ছোঁয়ার আগেই প্রিম্যাচিওর মেনোপজ। জীবনের জননক্ষম পর্বে হঠাত ওভারির কাজ বন্ধ হতে পারে নানা কারণে। অটো ইমিউন ডিসঅর্ডার বা ক্যান্সার ট্রিটমেন্টে এমনটা হতে পারে। ফ্যামিলির কারো হয়েছিল কিনা জেনে রাখা ভালো, হয়ে থাকলে প্রেসন্যাসির জন্য অপেক্ষা করবেন না।



“শিক্ষকের দায়িত্বোধেই সংকোচ করিনি
সচেতন হয়েছি”
আপনি সচেতন তো?

Senora
Proudly delivering 100% satisfaction